



## ইরানের সামরিক স্থাপনায় বিমান হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র



সংগৃহীত ছবি

হরমুজ প্রণালিকে ঘিরে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে নতুন করে সামরিক উত্তেজনা দেখা দিয়েছে। দুই দেশের বাহিনীর মধ্যে হামলা ও পাল্টা হামলার ঘটনায় মধ্যপ্রাচ্যের পরিস্থিতি আরও অস্থির হয়ে উঠেছে। যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) দাবি করেছে, তাদের নৌবাহিনীর ওপর ইরানের হামলার জবাবে আত্মরক্ষামূলক অভিযান চালানো হয়েছে।

মার্কিন সামরিক সূত্র জানায়, বৃহস্পতিবার হরমুজ প্রণালি দিয়ে যাওয়ার সময় যুক্তরাষ্ট্রের তিনটি যুদ্ধজাহাজকে লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র, ড্রোন ও দ্রুতগতির ছোট নৌযান ব্যবহার করে হামলা চালানো হয়। তবে মার্কিন বাহিনী হামলা প্রতিহত করতে সক্ষম হয় এবং পরে ইরানের কয়েকটি সামরিক স্থাপনাকে লক্ষ্য করে পাল্টা আঘাত হানে।

ওয়াশিংটনের দাবি, অভিযানে ইরানের ক্ষেপণাস্ত্র ঘাঁটি, ড্রোন পরিচালনা কেন্দ্র, সামরিক নিয়ন্ত্রণ কক্ষ ও নজরদারি স্থাপনাগুলো লক্ষ্যবস্তু ছিল। যদিও এই ঘটনায় মার্কিন যুদ্ধজাহাজ বা সেনাসামগ্রীর বড় ধরনের ক্ষয়ক্ষতির তথ্য পাওয়া যায়নি।

এদিকে যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে বলা হয়েছে, তারা পরিস্থিতিকে যুদ্ধের দিকে নিতে চায় না। তবে মধ্যপ্রাচ্যে মোতামেন সেনাদের নিরাপত্তা নিশ্চিত প্রয়োজন হলে আরও কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

অন্যদিকে তেহরান এই হামলার তীব্র প্রতিবাদ জানিয়েছে। ইরানের অভিযোগ, মার্কিন হামলায় কেশম দ্বীপসংলগ্ন কিছু বাণিজ্যিক ও বেসামরিক উপকূলীয় এলাকা ক্ষতিগ্রস্ত হয়েছে। দেশটি ঘটনাটিকে নিজেদের সার্বভৌমত্বের ওপর সরাসরি আঘাত হিসেবে দেখছে।